# তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড

কেওয়া, বহেরারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর।

তারিখ: ১৪.০৯.২০২০ ইং

## সেইফটি কমিটির জরুরী সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভার তারিখ ঃ | ১৪.০৯.২০২০ ইং |
| সভার নোটিশ এর তারিখ ঃ | ১২.০৯.২০২০ ইং |
| সভার সময় ঃ | দুপুর ০২.০০ ঘটিকা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত। |
| সভার স্থান ঃ | ষ্টুডিও রুম। |

| | |
|---|---|
| সভায় অংশগ্রহনকারী ঃ | তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড এর মালিক ও শ্রমিক পক্ষের সেইফটি কমিটির সকল সদস্যবৃন্দ । |
| সভায় আলোচ্য বিষয়সমূহ ঃ- | ১. করোনা ভাইরাস সম্পর্কে আলোচনা।<br>২. ফায়ার এন্ড সেইফটি নিয়ে আলোচনা।<br>৩. ফ্লোর পরিষ্কার-পরিচ্ছন্ন নিয়ে আলোচনা।<br>৪. মেশিন সেইফটি নিয়ে আলোচনা।<br>৫. কেমিক্যাল সেইফটি নিয়ে আলোচনা। |

## সেইফটি কমিটির জরুরী সভার ছবি





মোঃ মুঞ্জুর আলম
সভাপতি - সেইফটি কমিটি
তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড

# তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড

কেওয়া, বহেরারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর।

তারিখঃ ১৪.০৯.২০২০ ইং

## "সেইফটি কমিটির জরূরী সভার কার্যবিবরণী (Safety Committee Meeting Report)"

### মাসঃ সেপ্টেম্বর/ ২০২০

| | |
|---|---|
| সভার তারিখ ঃ | ১৪.০৯.২০২০ ইং |
| সভার সময় ঃ | দুপুর ০২.০০ ঘটিকা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত। |
| সভার স্থান ঃ | ষ্টুডিও রুম। |
| সভায় অংশগ্রহনকারী ঃ | তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড এর মালিক ও শ্রমিক পক্ষের সেইফটি কমিটির সকল সদস্যবৃন্দ । |
| সভায় আলোচ্য বিষয়সমূহ ঃ- | ১. করোনা ভাইরাস সম্পর্কে আলোচনা।<br>২. ফায়ার এন্ড সেইফটি নিয়ে আলোচনা।<br>৩. ফ্লোর পরিষ্কার-পরিচ্ছন্ন নিয়ে আলোচনা।<br>৪. মেশিন সেইফটি নিয়ে আলোচনা।<br>৫. কেমিক্যাল সেইফটি নিয়ে আলোচনা। |

**প্রারম্ভিক ঃ**

অদ্য ১৪/০৯/২০২০ ইং পূর্ব নির্ধারিত তারিখ, সময় ও স্থান মোতাবেক তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড এর সেইফটির কমিটির সভাপতি জনাব মোঃ মঞ্জুর আলম (ডি.জি.এম- এইচ আর, এডমিন এ্যান্ড কমপ্লায়েন্স) এর উপস্থিতিতে সেইফটি কমিটির জরুরী সভা অনুষ্ঠিত হয়। মোঃ বদরুল ইসলাম হিমেল (সদস্য সচিব সেইফটি কমিটি) অনুপস্থিত থাকায় তার পরিবর্তে মুক্তা মণি কল্যাণ কর্মকর্তা উক্ত সভার ভারপ্রাপ্ত সদস্য সচিবের দায়িত্ব পালন করেন। সভায় সেইফটি কমিটির মালিক ও শ্রমিক পক্ষের অন্যান্য সদস্যবৃন্দগণ উপস্থিত ছিলেন।

সভার শুরুতেই উক্ত সভার সভাপতি জনাব মোঃ মঞ্জুর আলম সভায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান এবং অদ্য সভার আলোচ্য বিষয়সমূহ এবং এগুলোর অগ্রগতি নিয়ে আলোচনার আহ্বান জানালে নিম্নোক্ত বিষয়সমূহ নিয়ে আলোচনা হয় যাহা নিম্নরুপ ;

# তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড

কেওয়া, বহেরারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর।

## অদ্য সভায় মূল আলোচ্য বিষয়সমূহ ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিবরণ / আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সার্বিক দায়িত্বে |
|---|---|---|---|---|
| ০১ | করোনা ভাইরাস সম্পর্কে আলোচনা। | সভায় উপস্থিত কমিটির সভাপতি জনাব মোঃ মঞ্জুর আলম উক্ত বিষয়ে সবাইকে উদ্দেশ্য করে বলেন যে, "হাঁচি-কাঁশির সময় আমরা টিস্যু বা রুমাল ব্যবহার করব তা সম্ভব না হলে আমরা কনুই ভাঁজ করে হাঁচি-কাশি দেব। কারখানায় প্রবেশের সময় আমরা সকলেই কারখানা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সকল ধরণের করোনা (কোভিড-১৯) ভাইরাস প্রতিরোধে নিয়ম কানুন মেনে চলব এবং অন্যকে তা মেনে চলতে উৎসাহিত করব। কর্মরত অবস্থায় প্রতি ঘন্টায় হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত ধৌত করব। শুধু কারখানায় নয় আমাদের পারিবারিক জীবনে ও তার বাস্তবায়ন ঘটাব"। এছাড়াও তিনি আরো বলেন যে, প্রতি নিয়ত আমাদেরকে পুষ্টি জাতীয় খাবার খেতে হবে এবং পর্যাপ্ত পরিমানে ঘুমাতে হবে। এ ভাইরাস প্রতিহত করার জন্য কিছু কাজ থেকে আমরা বিরত থাকব যেমন, কোলাকোলি, হ্যান্ড শেইক ইত্যাদি । | কমিটির সভাপতি জনাব মোঃ মঞ্জুর আলম উক্ত বিষয়ে সবাইকে আরো বেশী সচেতন হয়ে কারখানা কর্তৃক গৃহীত পদক্ষেপ সমূহ মেনে চলার জন্য সবাইকে নির্দেশ প্রদান করেন। | সদস্য সচিব |
| ০২. | ফায়ার এন্ড সেইফটি নিয়ে আলোচনা। | কমিটির সভাপতি জনাব মোঃ মঞ্জুর আলম (ডি.জি.এম- এইচ আর, এডমিন এ্যান্ড কমপ্লায়েন্স) ফায়ার এন্ড সেইফটি বিষয়ে আলোচনা করতে গিয়ে বলেন যে, আমারা Accord এর সদস্য এবং আমাদের কারখানা ফায়ার এন্ড সেইফটিতে শতভাগ সেইফ তবে মাঝে মধ্যে সমস্যা হলে তা আমরা নিজেরাই সমাধান করি এটি আসলে একটি চলমান প্রক্রিয়া।<br>কমিটির সভাপতি জনাব মোঃ মঞ্জুর আলম (ডি.জি.এম- এইচ আর, এডমিন এ্যান্ড কমপ্লায়েন্স) জনাব মোঃ জাহিদুল ইসলাম (ফায়ার এন্ড সেইফটি অফিসার) কে এ বিষয়ে কিছু বলার জন্য বলেন, জনাব মোঃ জাহিদুল ইসলাম বলেন যে, আমাদের কারখানায় আমরা সব সময় ফায়ার এন্ড সেইফটি বিষয়ে সচেতন এবং প্রতিদিন এ বিষয়ে প্রতিদিন কারখানার বিভিন্ন ফ্লোরে আমরা সচেতনতা মূলক ট্রেনিং এবং Awareness প্রদান করে থাকি। ফায়ার এন্ড সেইফটি ইকুইপমেন্ট ঠিক আছে কিনা তা চেক করা হয় এ বিষয়ে আমরা প্রতিনিয়ত খুবই সচেতন। | উক্ত বিষয়ে ফায়ার সেইফটি অফিসার নিয়মিত কর্মরত শ্রমিকদেরকে ফায়ার ফাইটিং বিষয়ে প্রশিক্ষন প্রদান করবেন। | ফায়ার সেইফটি অফিসার |
| ০৩ | ফ্লোর পরিষ্কার-পরিচ্ছন্ন নিয়ে আলোচনা। | ফ্লোর পরিষ্কার-পরিচ্ছন্ন নিয়ে আলোচনা করতে গিয়ে কমিটির সভাপতি জনাব মোঃ মঞ্জুর আলম (ডি.জি.এম- এইচ আর, এডমিন এ্যান্ড কমপ্লায়েন্স) বলেন যে, আমরা প্রত্যেকেই আমাদের কাজের স্থানের ৬ফিট জায়গা নিজ দায়িত্বে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখব। কারণ কাজের স্থান পরিষ্কার-পরিচ্ছন্ন থাকলে আমাদের মন ভাল থাকবে, মন ভাল থাকলে আমাদের শরীর ও ভাল থাকবে সর্বপরি আমদের কল্যাণ সাধিত হবে। | কমিটির সভাপতি জনাব মোঃ মঞ্জুর আলম সর্বদা ফ্লোর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে এডমিন অফিসারকে নির্দেশ প্রদান করেন। | কল্যাণ কর্মকর্তা এবং এডমিন অফিসার |

# তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড

কেওয়া, বহেরারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর।

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | মেশিন সেইফটি নিয়ে আলোচনা। | মেশিন সেইফটি নিয়ে আলোচনা করতে গিয়ে সেইফটি কমিটির সভাপতি জনাব মোঃ মঞ্জুর আলম (ডি.জি.এম- এইচ আর, এডমিন এ্যান্ড কমপ্লায়েন্স) বলেন যে, আপনি সকালে কারখানায় প্রবেশ করে আপনার ব্যবহৃত মেশিনটি সর্ব-প্রথম পরিষ্কার করুন, মেশিনে যে কোন সমস্যা হলে নিজে ঠিক করতে না গিয়ে ফ্লোরে কর্তব্যরত মেকানিক্সকে অবগত করবেন। অফিস ছুটিকালে আপনার মেশিনটি আবার পরিষ্কার করুন এবং মেশিনটি ঢেকে পরে কর্মস্থল ত্যাগ করবেন। মেশিন সেইফটির এ বিষয়টি পর্যবেক্ষণ করার জন্য কমপ্লায়েন্স-এক্সিকিউটিভ জনাব মোঃ আওয়াল রানা কে দায়িত্ব প্রদান করা হয়। | কমিটির সভাপতি জনাব মোঃ মঞ্জুর আলম উক্ত বিষয়ে সকলকে আরো বেশী সচেতন করার লক্ষ্যে সচেতনতামূলক প্রশিক্ষন প্রদান করার জন্য কল্যাণ কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। | কমপ্লায়েন্স অফিসার এবং কল্যাণ কর্মকর্তা |
| ০৫ | কেমিক্যাল সেইফটি নিয়ে আলোচনা। | উক্ত বিষয়ে আলোচনা করতে গিয়ে মোঃ রবিন মিয়া (এক্সিকিউটিভ-ই.সি.আর) বলেন যে, "আমরা যারা কেমিক্যাল নিয়ে কাজ করি তারা অবশ্যই কর্মরত অবস্থায় পি.পি.ই পরিধান করে কাজ করব। কেননা পি.পি.ই পরিধান করে কাজ করলে আমরা যে কোন বিপদ থেকে নিজেকে রক্ষা করতে পারব। এছাড়াও তিনি আরো বলেন যে, কেমিক্যাল ব্যবহার করার সময় অবশ্যই লক্ষ্য রাখতে হবে যে কেমিক্যাল ব্যবহৃত সকল পাত্রে যেন কেমিক্যালের নির্দিষ্ট নাম লিখা থাকে এবং কেমিক্যাল পাত্রের নিচে যেন সেকেন্ডারী কন্টেইনার থাকে। | সভায় উপস্থিত কমিটির সভাপতি জনাব মোঃ মঞ্জুর আলম উক্ত বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষন প্রদান করার জন্য মোঃ রবিন মিয়া (এক্সিকিউটিভ-ই.সি.আর) কে নির্দেশ প্রদান করেন। | মোঃ রবিন মিয়া (এক্সিকিউটিভ - ই.সি.আর) |

উপরোক্ত বিষয়সমূহ নিয়ে আলোচনার পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার সভাপতি সভায় অংশগ্রহনের জন্য এবং আগত মালিক ও শ্রমিক পক্ষের সেইফটি কমিটির সদস্যদের আবারও ধন্যবাদ জানান এবং উক্ত সভার সমাপ্তি ঘোষনা করেন।

প্রতিবেদন প্রস্তুতকারী-

মুক্তা মণি
কল্যাণ কর্মকর্তা
তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড

Seen
20/02/2020

রাজীব চন্দ্র নাথ
শ্রম পরিদর্শক (সাধারণ)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গাজীপুর।

মোঃ মঞ্জুর আলম
সভাপতি-সেইফটি কমিটি
তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড

# তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড

কেওয়া, বহেরারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর।

## সেইফটি কমিটির সভায় উপস্থিতি তালিকা

| সভার তারিখ | নোটিশের তারিখ | সভার সময় | সভার স্থান |
|---|---|---|---|
| ২৪/০৭/২০২০ ইং | ২২/০৭/২০২০ ইং | দুপুর ০২:০০ – বিকাল ০৪:০০ ঘটিকা | স্টুডিও রুম |

| ক্রমিক | সদস্যের নাম | আইডি | অফিস পদবী | কমিটি পদবী | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ মঞ্জুর আলম | ২৫৪১৪ | ডিজিএম- এডমিন, এইচআর এন্ড কমপ্লায়েন্স | সভাপতি | [signature] |
| ০২ | আঁখি | ২০১৩৭ | অপারেটর- সুইং | সহ-সভাপতি | [signature] |
| ০৩ | মোঃ রবিন মিয়া | ২৮০৯১ | এক্সিকিউটিভ-ই.সি.আর | সদস্য | Robin |
| ০৪ | মোঃ শাহিনুর রহমান | ১০৯৮২ | ব্যবস্থাপক-মেইনটেন্যান্স | সদস্য | [signature] |
| ০৫ | মোঃ বদরুল ইসলাম হিমেল | ১৫৭৯৮ | সিনি: এক্সিকিউটিব- এইচআর এন্ড কমপ্লায়েন্স | সদস্য | |
| ০৬ | মোঃ জাহিদুল ইসলাম | ২৬৫৩১ | অফিসার (ফায়ার সেইফটি) | সদস্য | [signature] |
| ০৭ | বাবু মিয়া | ২৩০০১ | অপারেটর- সুইং | সদস্য | babu |
| ০৮ | বর্ণমালা নাসরিন | ২৯১৪৩ | অপারেটর- সুইং | সদস্য | বর্ণমালা |
| ০৯ | মদিনা আক্তার | ১১৫১১ | কোয়ালিটি ইন্সপেক্টর | সদস্য | madina |
| ১০ | মোঃ হেলাল মিয়া | ১০৩৯০ | অপারেটর- ডাইং | সদস্য | |

TAQWA
FABRICS LTD

# তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড

কেওয়া, বহেরারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর।

তারিখ: ১২-০৯-২০২০ ইং

# নোটিশ

এতদ্বারা তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড এর সেইফটি কমিটির মালিক ও শ্রমিক পক্ষের সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সেইফটি কমিটির জরুরী সভা অনুষ্ঠিত হইবে।

**সময়সূচী ঃ**

তারিখ ঃ ১৪.০৯.২০২০ ইং
সময় ঃ দুপুর ০২.০০ ঘটিকা
স্থান ঃ ষ্টুডিও রুম

**আলোচ্য বিষয় ঃ**

১. করোনা ভাইরাস সম্পর্কে আলোচনা।
২. ফায়ার এ্যান্ড সেইফটি নিয়ে আলোচনা।
৩. ফ্লোর পরিষ্কার-পরিচ্ছন্ন নিয়ে আলোচনা।
৪. মেশিন সেইফটি নিয়ে আলোচনা।
৫. কেমিক্যাল সেইফটি নিয়ে আলোচনা।

**অংশগ্রহনকারী ঃ**

তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড্ এর মালিক ও শ্রমিক পক্ষের সেইফটি কমিটির সকল সদস্যবৃন্দ।

উক্ত মিটিং এ তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড এর সেইফটি কমিটির মালিক ও শ্রমিক পক্ষের সকল সদস্যের যথাস্থানে ও যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।

ধন্যবাদান্তে

মোঃ মঞ্জুর আলম
সভাপতি-সেইফটি কমিটি
তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড।

**অনুলিপি ঃ (সদয় অবগতির জন্য)**

১. মহাপরিদর্শক, শ্রম অধিদপ্তর, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, লান্তাবুর গ্রুপ।
৩. নির্বাহী পরিচালক, লান্তাবুর গ্রুপ।
৪. ব্যবস্থাপক - এইচ আর, এডমিন এ্যান্ড কমপ্লায়েন্স, তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড।
৫. সেইফটি কমিটি সদস্য - তাক্বওয়া ফেব্রিক্স লিমিটেড।
৬. সকল নোটিশ বোর্ড।
৭. অফিস কপি।